

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

নথি শাখাঃ সায়েদাবাদ পানি শোধনাগার (অপারেশন)

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), সায়েদাবাদ পানি শোধনাগার (অপারেশন)

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৩০.০৭ ০৮৪.২৪ নথির বিষয়: Supply of mechanical materials & related services for treated water pump house
নোট: ১ নোটের বিষয়: Supply of mechanical materials & related services for treated water pump house কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২৫/৬/২৪ ৯:৩০ অপরাহ্ন


সংযুক্ত ক্রমিক নং-১ হতে ৭ পর্যন্ত দয়া করে দেখা যেতে পারে। সায়েদাবাদ পানি শোধনাগার একটি কে পি আই এবং বাংলাদেশ সরকার কর্তৃক স্বীকৃত। সায়েদাবাদ পানি শোধনাগার (ফেজ-১) হতে প্রতিদিন লক্ষ্যমাত্রা অনুযায়ী ২২.৫ কোটি লিটার এর ও বেশী পরিশোধিত পানি ঢাকা মহানগরবাসীদের সরবরাহ করা হচ্ছে। উক্ত পানি শোধন প্রক্রিয়ায় ট্রিটেড ওয়াটার পাম্পিং স্টেশন একটি গুরুত্বপূর্ণ স্থাপনা। উক্ত পাম্পিং স্টেশন ৫ টি ৩৫৫ কিলোওয়াট ফিক্সড স্পিড পাম্প মোটর এবং ২টি ৩৭০ কিলোওয়াট ভেরিয়েবল স্পিড পাম্প মোটর এর মাধ্যমে একটি নির্দিষ্ট প্রেসারে লক্ষ্যমাত্রা অনুযায়ী ৪৬ কিলোমিটার ট্রান্সমিশন নেটওয়ার্ক এ পানি সরবরাহ করা হয়। ট্রিটেড ওয়াটার পাম্পিং স্টেশন অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি স্টেশন পাম্প রুম গ্রাউন্ড লেভেল থেকে ১০ মিটার গভীর তাই পাম্প রুমে সেফটি রেলিং দেওয়া আছে। এই সেফটি রেলিং গুলো কিছু অংশে নষ্ট হয়ে গিয়েছে, এর মধ্যে ঝুঁকিপূর্ণভাবে রক্ষণাবেক্ষণ কাজ করা এবং সার্বক্ষণিক মনিটরিং করতে হয়। ট্রিটেড ওয়াটার পাম্পিং স্টেশন ফ্লোরের মধ্যে অধিক ভারী পাম্প মোটর এর কাজ করার ফলে কিছু অংশ নষ্ট হয়ে গিয়েছে এবং সাইড ওয়াল, বুলন্ত বিম রক্ষণাবেক্ষণ এবং রং করার প্রয়োজন। তাই এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে ট্রিটেড ওয়াটার পাম্পিং স্টেশনে অতি জরুরী ভিত্তিতে সেফটি রেলিং এবং ফ্লোর সাইড ওয়াল, বুলন্ত বিম রক্ষণাবেক্ষণ এবং রং করার প্রয়োজন। তাই Supply of mechanical materials & related services for treated water pump house ক্রয় কাজটি সম্পাদনের লক্ষ্যে সংগ্রহীত কোটেশন, পূর্বনুমোদিত দর এবং পিডব্লিউডি রোট সিডিউল/২০১৮ এর ভিত্তিতে এ একটি প্রাক্কলন প্রস্তুত করা হলো। প্রাক্কলনে টাকার পরিমাণ= ৯,৪৫,৯৭১.২৫/- (নয় লক্ষ পঁয়তাল্লিশ হাজার নয়শত একাত্তর দশমিক দুই পাঁচ) টাকা মাত্র। আলোচ্য ক্রয় কাজের ব্যয় বার সাপাশো (ফেজ-১) এর ২০২৩-২৪ অর্থ বৎসরের সংশোধিত বাজেট বরাদ্দের পানি ও পয়ঃ শোধনাগার (ও.এন্ড.এম) খাত হতে বহন করা যেতে পারে। উল্লেখ্য সাপাশো (ফেজ-১) এর ২০২৩-২৪ অর্থ বৎসরের অনুমোদিত সংশোধিত ক্রয় পরিকল্পনায় সিরিয়াল নং-M-43, আইটেম নং- G-35 এ DPM তে সম্পাদনের অনুমোদন রয়েছে।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২৫/৬/২৪ ৯:৩১ অপরাহ্ন

উপরোক্ত বর্ণনার আলোকে Supply of mechanical materials & related services for treated water pump house. ক্রয় কাজটি সম্পাদনের লক্ষ্যে পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন ও ১ম শ্রেণীর ঠিকাদার মেসার্স ৫২' ইন্টারন্যাশনাল কে নিয়োজিত করে পিপিআর ২০০৮ এর ৭৬(১)(ট) ধারায় সরাসরি ক্রয়পদ্ধতি DPM এ করা যেতে পারে।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২৫/৬/২৪ ৯:৩৩ অপরাহ্ন

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে Supply of mechanical materials & related services for treated water pump house. ক্রয় কাজে উপস্থাপিত সর্বমোট টা: ৯,৪৫,৯৭১.২৫/- (নয় লক্ষ পঁয়তাল্লিশ হাজার নয়শত একাত্তর দশমিক দুই পাঁচ) টাকা কাজের প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদনসহ পিপিআর ২০০৮ এর ৭৬(১)(ট) ধারায় সরাসরি ক্রয়পদ্ধতি DPM তে মেসার্স ৫২' ইন্টারন্যাশনাল এর মাধ্যমে সম্পাদন করার অনুমোদন দেয়া যেতে পারে। আলোচ্য কাজটি অনুমোদন তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।


			
২৫/৬/২৪ ৯:৪০ অপরাহ্ন মোঃ বেলায়েত হোসেন রাজু উপ-সহকারী প্রকৌশলী সায়াদাবাদ পানি শোধনাগার (অপারেশন)	২৬/৬/২৪ ১২:০৬ পূর্বাহ্ন মেহনাজ মুশফিকা উপ-বিভাগীয় প্রকৌশলী সায়াদাবাদ পানি শোধনাগার (অপারেশন)	২৬/৬/২৪ ১২:০৯ পূর্বাহ্ন মোঃ আবিদ হোসেন নির্বাহী প্রকৌশলী সায়াদাবাদ পানি শোধনাগার (অপারেশন)	২৬/৬/২৪ ১২:০৯ পূর্বাহ্ন মিজা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

সংযুক্তিসমূহ (৭):

- ১। সংযুক্ত ক্রমিক নং- ১। সাপাশো ফেজ-১ এর ২০২৩-২৪ অর্থ বৎসরের অনুমোদিত সংশোধিত ক্রয় পরিকল্পনার কপি।
- ২। সংযুক্ত ক্রমিক নং- ২। লে-আউট।
- ৩। সংযুক্ত ক্রমিক নং- ৩। সংগৃহীত কোটেশন।
- ৪। সংযুক্ত ক্রমিক নং- ৪। পূর্বানুমোদিত দর।
- ৫। সংযুক্ত ক্রমিক নং- ৫। পিডরিউডি রোট সিডিউল/২০১৮.
- ৬। সংযুক্ত ক্রমিক নং- ৬। ট্রেড লাইসেন্স ও অন্যান্য কাগজপত্র।
- ৭। সংযুক্ত ক্রমিক নং- ৭। আলোচ্য কাজের প্রাক্কলন।

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৬/৬/২৪ ৮:৪৮ পূর্বাহ্ন

Approved.

		
২৬/৬/২৪ ৮:৪৮ পূর্বাহ্ন মিজা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	২৬/৬/২৪ ৮:৪৮ পূর্বাহ্ন মোঃ আবিদ হোসেন নির্বাহী প্রকৌশলী সায়াদাবাদ পানি শোধনাগার (অপারেশন)	২৬/৬/২৪ ৮:৪৮ পূর্বাহ্ন মেহনাজ মুশফিকা উপ-বিভাগীয় প্রকৌশলী সায়াদাবাদ পানি শোধনাগার (অপারেশন)

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ২৬/৬/২৪ ১২:৫৫ অপরাহ্ন

চুক্তি সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন।

	
২৬/৬/২৪ ১২:৫৫ অপরাহ্ন মেহনাজ মুশফিকা উপ-বিভাগীয় প্রকৌশলী সায়াদাবাদ পানি শোধনাগার (অপারেশন)	২৬/৬/২৪ ১২:৫৫ অপরাহ্ন মোঃ বেলায়েত হোসেন রাজু উপ-সহকারী প্রকৌশলী সায়াদাবাদ পানি শোধনাগার (অপারেশন)